



## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

নিউ ইস্কাটন শাখা, ৪ নিউ ইস্কাটন রোড, ওয়াকফ ভবন, ঢাকা-১০০০

### অর্থঋণ আদালত আইন - ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, রফিজা খাতুন, স্বামী- আলী হোসেন, পিতা- মৃত নূর মোহাম্মদ ব্যাপারী, মাতা- মৃত রাহাতন খাতুন এবং মোঃ শরিফুল হোসেন, পিতা- আলী হোসেন, মাতা- রফিজা খাতুন, উভয়ের ঠিকানাঃ ১৪/১, নিউ ইস্কাটন, গাউস নগর, রমনা, ঢাকা কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, নিউ ইস্কাটন শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলের সম্পত্তি বিগত ০৬/০৬/২০১০ ইং তারিখে রেজিস্ট্রিকৃত ৪৮৫৫ নং বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং একই তারিখের ৪৮৫৬ নং আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতাদয় মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৬/১২/২০১৫ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৪২,৭১,৩০৪.৯৪ (বিয়াল্লিশ লক্ষ একাত্তর হাজার তিন শত চার টাকা চুরানব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

#### বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা - ঢাকা, থানা - রমনা, মৌজা - বড় মগবাজার, সাব-রেজিস্ট্রার অফিস - ঢাকা সদর, ঢাকা কালেক্টরেট অন্তর্ভুক্ত তৌজি নং - ২৮৭, ১৩৩২৬, ১৩৩২৮, ১৩৩৩২, ১৩৩৩৩, ১৩৩৩৫ এবং ১৩৩৩৯, জে. এল নং - ২৮০, খতিয়ান নং - সি.এস. - ৬৭, এস.এ - ৩০০, আর.এস. - ১৬৫০, সিটি জরিপ ডি.পি. - ৪০২০, দাগ নং - সি.এস. - ২১৯, এস.এ - ৬৩২, আর.এস. - ২০৫৭, সিটি জরিপ - ৪৭৩৬, মিউটেশন খতিয়ান নং - ৩২৭৪, জোত নং - ৫০২০ ঢাকা সিটি কর্পোরেশন অন্তর্ভুক্ত হোল্ডিং নং- ১৪/১, নিউ ইস্কাটন, গাউস নগর, রমনা, ঢাকা এর ১১.৫৫ তাংশ (৭.০০ কাঠা) জমির উপর নির্মিত ৯ (নয়) তলা ভবনের ২য় তলায় অবস্থিত নিম্ন বর্ণিত ৩ (তিন) টি ফ্ল্যাট -

- (১) ফ্ল্যাট নং - A-2, আয়তন - ১০০০ বর্গফুট (আনুপাতিক অবিভক্ত ও অচিহ্নিত জমিসহ) ও ১টি গাড়ী পার্কিং (বেজমেটে অবস্থিত)।
- (২) ফ্ল্যাট নং - A-3, আয়তন - ১৭৫০ বর্গফুট (আনুপাতিক অবিভক্ত ও অচিহ্নিত জমিসহ) ও ১টি গাড়ী পার্কিং (বেজমেটে অবস্থিত)।
- (৩) ফ্ল্যাট নং - A-4, আয়তন - ১১০০ বর্গফুট (আনুপাতিক অবিভক্ত ও অচিহ্নিত জমিসহ) ও ১টি গাড়ী পার্কিং (বেজমেটে অবস্থিত)।

#### নিলামের শর্তাবলী

- (১) আগামী ২৮/০২/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখা, ঢাকা এ রক্ষিত বাঞ্ছা সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দরপত্রদাতাগণ তফসিল বর্ণিত ফ্ল্যাট সমূহের প্রতিটির জন্য পৃথক পৃথক অথবা সবগুলো ফ্ল্যাটের জন্য একত্রে একটি দরপত্র দাখিল করিতে পারিবেন তবে যে কোন একটি ফ্ল্যাটের আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন - রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা - রাজউক, সিটি কর্পোরেশন, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবি থাকলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

- (b) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (c) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইন্সটন শাখা, ঢাকা